নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন নফল সলাতকে ফাজরের দু’রাক‘আত সুন্নাতের চেয়ে অধিক গুরুত্ব প্রদান করতেন না।

‘আয়িশাহ্ বিনত আবু বকর রাদিয়াল্লাহু ‘আনহা হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন নফল সলাতকে ফাজরের দু’রাক‘আত সুন্নাতের চেয়ে অধিক গুরুত্ব প্রদান করতেন না। অপর বর্ণনায় এসেছে: “ফজরের দু’রাকাত দুনিয়া ও তার মধ্যবর্তী সবকিছু হতে উত্তম”।
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন। - মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

এ হাদীসটি ফজরের দুই রাকা‘আত সুন্নাতের গুরুত্ব বর্ণনা করা হয়েছে। আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহু আলোচনা করেন যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার গুরুত্ব দেন এবং তা পালন করার মাধ্যমে তার শানকে মহান বানিয়ে দেন। তিনি এ দুই রাকা‘আত সালাতকে খুব কঠিনভাবে সব সময় পালন করতেন। আর তার বাণী দ্বারাও তার গুরুত্ব বাড়িয়ে দেন, যেমন তিনি বলেন, এ দুই রাকা‘আত সালাত দুনিয়া ও দুনিয়াতে যা কিছু আছে তা হতে উত্তম।

https://sunnah.global/hadeeth/bn/show/3440